

বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ-এর ত্রি-বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন সম্পন্ন  
ডা. মাখদুমা নার্গিস সভাপতি মোহাম্মদ মনিরুল আলম সাধারণ সম্পাদক নির্বাচিত



বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ ২০২৪-২০২৭ কার্যবর্ষের কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে সভাপতি পদে ডা. মাখদুমা নার্গিস ও সাধারণ সম্পাদক পদে মোহাম্মদ মনিরুল আলম নির্বাচিত হয়েছেন। ২ ফেব্রুয়ারি ২০২৪ শুক্রবার বাশিকপ মিলনায়তনে পরিষদের ত্রি-বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন পরিষদের বর্তমান সভাপতি ডা. মাখদুমা নার্গিস।

সভায় ৩৯টি জাতীয় ও স্থানীয় সংগঠনের মোট ১০৫ জন কাউন্সিলর অংশগ্রহণ করেন। দ্বিতীয় সেশনে পরিষদের ২০২৪-২০২৭ কার্যবর্ষের নির্বাচন সম্পন্ন হয়। এতে সভাপতি ডা. মাখদুমা নার্গিস, সহ-সভাপতি সাইফুল আলম, মসযুদ মান্নান, মাজেদা শওকত আলী, হাজী আলতাফ হোসেন, মোঃ আলী আকবর, সাধারণ সম্পাদক মোহাম্মদ মনিরুল আলম, যুগ্ম সম্পাদক নাসের ইকবাল যাদু ও ডাঃ আসমা বানু, কোষাধ্যক্ষ অধ্যাপক মিজানুর রহমান মজুমদার, সাংগঠনিক সম্পাদক সালাহউদ্দীন কুর্ট, কার্যনির্বাহী পরিষদ সদস্য মহিউদ্দিন আহমেদ (চপল), হাসান মুর্তাজা, প্রফেসর নাসীমুন নেসা, এ টি এম মমতাজুল করিম, মোঃ নাসীমুল বারী, রীতা জেসমিন, শেলী সেনগুপ্তা, মেহেরুন নেসা, রোকেয়া মাহবুব, সিমু বুলবুল, রুহল ইসলাম টিপু, মোঃ আশিকুর রহমান চৌধুরী (ভুলু), মোঃ আতিকুর রহমান উজ্জল ও মাহমুদ খান বিজু নির্বাচিত হন।